যুগান্তর

তারিখ ... 08 JUN 2016 ...
পৃষ্ঠা ...১৯... কলাম ...৪...

# আরও তিন বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমতি

যুগান্তর রিপোর্ট

আরও তিনটি বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমতি দিয়েছে সরকার। এ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের সার-সংক্ষেপে ইতিমধ্যে প্রধানমন্ত্রী অনুমোদন দিয়েছেন। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. হেলাল উদ্দিন নতুন বিশ্ববিদ্যালয় অনুমোদনের বিষয়টি নিশ্চিত করেন।

নতুন অনুমোদন পাওয়া বিশ্ববিদ্যালয়গুলো হচ্ছে— রবীন্দ্র সৃজনকলা বিশ্ববিদ্যালয়, ইউনিভার্সিটি অব গ্লোবাল ভিলেজ এবং রূপায়ন একেএম শামসুজ্জোহা বিশ্ববিদ্যালয়। এ নিয়ে দেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা হলো ৯৬টি।

রবীন্দ্র সৃজনকলা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা শিক্ষাবিদ অধ্যাপক আনিসুজ্জামান। এই বিশ্ববিদ্যালয়ের ইংরেজি নাম হবে 'টেগোর ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ আর্টস'। এটি রাজধানীর পার্শ্ববর্তী কেরানীগঞ্জে স্থাপন করা হবে। ইউনিভার্সিটি অব গ্লোবাল ?ভিলেজ স্থাপিত হবে বরিশালে। এর উদ্যোক্তা হিসেবে বরিশালের ইনফ্রা পলিটেকনিক ইন্সটিটিউটের চেয়ারম্যান ইমরান চৌধুরীর নাম আছে। তবে এই বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজে আওয়ামী লীগের তথ্য ও গবেষণা সম্পাদক আফজাল হোসেন, আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য ?সুজিত রায় নন্দী ও সাবেক ছাত্রলীগ নেতা শওকত হোসেন খান আছেন। প্রয়াত রাজনীতিবিদ একেএম শামসুজ্জোহার নামে প্রতিষ্ঠিত 'রূপায়ণ একেএম' শামসুজ্জোহা বিশ্ববিদ্যালয়' স্থাপিত হবে নারায়ণগঞ্জে। এর উদ্যোক্তা ?লিয়াকত আলী খান। ২০০৯ সাল থেকে এ পর্যন্ত মহাজোট এবং বর্তমান সরকার ৪২টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দিয়েছে।